

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
শাখা- ৯ (পিআইইউ)
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২২.৯৯ (অডিট-বিবিধ),১৪১.১৮-৭৮

তারিখঃ ২৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রারম্ভিক সভা (Entry Meeting) এর নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২১/১১/২০১৯ খ্রি: তারিখে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে নিরীক্ষা পরিকল্পনার অংশ হিসেবে প্রারম্ভিক সভা (Entry Meeting) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিরীক্ষিতব্য অনুন্নয়ন ও উন্নয়ন বরাদ্দের আওতাভুক্ত প্রতিষ্ঠানগুলোর জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হয়।

- (ক) প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত অর্থ পিপিআর ২০০৮ এবং সরকারের ক্রয় নীতিমালা অনুযায়ী ব্যয় করতে হবে।
- (খ) আয়, বরাদ্দ ও ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- (গ) প্রতি মাসে হিসাব রক্ষণ অফিসের সাথে ব্যয়ের সংগতি সাধন (Reconciliation) করে তার সংরক্ষণ করতে হবে এবং তা অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- (ঘ) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কি না এবং চুক্তি বাস্তবায়নের সাথে কোন আর্থিক সংশ্লিষ্ট থাকলে তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে, এখন থেকে অডিট টিম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এপিএ বিষয়ে অডিট করবেন।
- (ঙ) প্রতিষ্ঠানে কোন অডিট টিম অডিট সম্পন্ন করার উদ্দেশ্যে গেলে তাদের কে সংশ্লিষ্ট নথি পত্র ও তথ্য দিয়ে সার্বিকভাবে সহায়তা করতে হবে।
- (চ) অডিট কালীন সময়ে সকল প্রমাণক উপস্থাপন করে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানকে উপরোক্ত নির্দেশাবলী অনুসরণ এবং সে মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোঃ আককাছ আলী সেখ)
পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ


- ১। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, সকল আঞ্চলিক পরিচালকের কার্যালয়।
- ৩। অধ্যক্ষ
সকল ইঞ্জিনিয়ারিং কলেজ/টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা/সকল পলিটেকনিক ইনস্টিটিউট/ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া/সকল টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ৪। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২২.৯৯ (অডিট-বিবিধ),১৪১.১৮-৭৮

তারিখঃ ২৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। পরিচালক (পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (১/৪) ও আয়ন ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সংরক্ষণ নথি।


(মোঃ হাবিবুর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৯১৪০৪৯৬

ই-মেইলঃ dte.piu.ad@gmail.com